বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

ওয়ারেন্টি নীতিমালা

ওয়ারেন্টির সময়সীমা: ১ বৎসর।

ওয়ারেন্টি পরবর্তী সেবা: পণ্যের ওয়ারেন্টি এক বছর নির্ধারিত থাকলেও এর অতিরিক্তি সময়ের জন্য প্রতিটি পণ্যের ওয়ারেন্টি পরবর্তী সেবা পণ্য প্রস্তুতকারক বা বাজারজাতকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হতে পারে। সেক্ষেত্রে সেবার বৈশিষ্ট্য, সময়সীমা ও মূল্য স্পষ্টভাবে পণ্যের গায়ে উল্লেখ থাকতে হবে।

যেসব পণ্যের ওয়ারেন্টির সময়সীমা ১ বৎসর:

মাদারবোর্ড, প্রসেসর, র‌্যাম, হার্ডডিস্ক, মনিটর, অপটিক্যাল ড্রাইভ, মডেম, নেটওয়ার্কিং পণ্য, ল্যাপটপ বা নোটবুক, ইউপিএস (অফ লাইন-অন লাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস, প্রিন্টার, ইউএসবি ড্রাইভ, ডিভিডি/ সিডি ডুপ্লিকেটর, গ্রাফিক্স কার্ড, টিভি কার্ড, প্রজেক্টর, মাল্টিফাংশনাল প্রিন্টার, ক্লোন পিসি **ও কম্পিউটারে অন্যান্য যন্ত্রাংশ** ইত্যাদি

উৎপাদক বা বাজারজাতকারী পণ্যের ম্যানুফ্যাকচারিং ত্রুটির জন্য ওয়ারেন্টি প্রদানে দায়বদ্ধ। ক্রেতার কোন কৃতকর্মের জন্য কোন পণ্যে কোন ত্রুটি দেখা গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবেনা।

* ওয়ারেন্টির অর্ন্তভূক্ত পণ্য বাজারে প্রচলিত থাকা সাপেক্ষে সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে রিপেয়ারিং অথবা রিপ্লেসমেন্ট হবে। অপ্রচলিত পণ্য অর্থাৎ যেসব পণ্য বাজারে প্রচলিত নয় বা যেসব পণ্যের উৎপাদন মেয়াদ শেষ (EOL-End of Life) সেসব পণ্যের ক্ষেত্রে সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে রিপেয়ারিং অথবা রিপ্লেসমেন্ট হবে। এক্ষেত্রে উক্ত পণ্য বাজারে প্রচলিত না হলে সেক্ষেত্রে একই পণ্যের আপগ্রেড ভার্সন ক্রেতাকে গ্রহণ করতে হবে। উক্ত **আপগ্রেড পণ্যের বাজার দর অনুযায়ী বর্ধিত মূল্য ক্রেতাকে পরিশোধ করতে হবে।**

যেসব পণ্য ওয়ারেন্টির আওতাভুক্ত নয়: কেসিং, পাওয়ার সাপ্লাই, কী-বোর্ড, মাউস, এডাপটার, রিমোট, প্রসেসরের কুলিং ফ্যান ইত্যাদি

যেসব কারণে মাদারবোর্ডের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না:

- ❖ CPU Socket এর Pin গুলো বাঁকা থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ মাদারবোর্ডের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং করা হয় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ Circuit Board বা PCB Board এর লেয়ার কাটা বা মরিচা ধরলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ PS/2 port, VGA port, USB port ভাঙ্গা অথবা Physically damaged অবস্থায় পাওয়া গেলে।
- ❖ PCB Board এর কোন অংশ টেম্পারিং হলে বা উঠে গেলে এবং উৎপাদকারী কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি স্টিকার ছিড়ে গেলে বা সিরিয়াল নাম্বার উঠে গেলে বা অষ্পষ্ট হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।



যেসব কারনে প্রসেসরের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না:

- ❖ কোন বিশেষ ডিভাইস বা সফ্টওয়্যারজনিত কারণে প্রসেসর কাজ না করলে সেক্ষেত্রে ওয়ারেন্টিদাতা দায়ী হবেনা। তবে যদি সেটি কাজ করানো সম্ভব হয় তবে ক্রেতাকে অবশ্যই এর জন্য সার্ভিসিং ফি প্রদান করতে হবে।
- ❖ প্রসেসর/ সিপিইউ ওয়ারেন্টির জন্য বিক্রেতার কাছে প্রদান করার সময় ক্রেতাকে অবশ্যই ব্যবহৃত কুলিং ফ্যান সঙ্গে আনতে হবে।
- ❖ প্রসেসরের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং করা হয় তবে সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ প্রসেসরের কুলিং ফ্যান ওয়ারেন্টির আওতায় পরবে না।



যেসব কারণে র‍্যামের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ র‍্যামের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং করা হয় তবে সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ সিরিয়াল স্টিকার যদি অস্পষ্ট থাকে বা উঠে যায় তাহলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ র‍্যামের নিচের অংশের গোল্ডেন কানেক্টেড পিসিবি উঠে গেলে বা পুড়ে গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।



যেসব কারনে হার্ডডিস্কের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ হার্ডডিস্কের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং হয়ে যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ Circuit Board বা PCB Board এর লেয়ার কাটা বা মরিচা ধরলে।
- ❖ পাওয়ার পোর্ট, সাটা পোর্ট বা অন্য কোন পোর্ট-এ ফাটা দাগ, ফাটা হওয়ার মতো দাগ, ভাঙ্গা থাকলে তা ওয়ারেন্টর জন্য প্রযোজ্য হবে না।
- ❖ হার্ড ডেস্কের লেভেল বা স্টিকার অথবা সিকিউরিটি ট্যাগ যদি উঠে যায় বা টেম্পারিং হয়ে যায় তাহলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ হার্ডডিস্কের Gaskit ছেঁড়া অভস্থায় পাওয়া গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ পোকা মাকড়ের কারনে হার্ডডিস্ক ক্ষতিগ্রস্ত হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ বহনযোগ্য হার্ডডিস্কের ক্ষেত্রে কেসিং ফাটা বা ভাঙ্গা পাওয়া গেলে তা ওয়ারেন্টি যোগ্য হবে না।
- ❖ বহনযোগ্য হার্ডডিস্কের ক্ষেত্রে কেসিং এবং ভেতর কার হার্ডডিস্কের সিরিয়াল নাম্বার মিল না থাকলে ওয়ারেন্টি গ্রহণযোগ্য হবে না।



যেসব কারনে মনিটরের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ প্রাথমিকভাবে মনিটরের স্ক্রীনে যদি স্ক্র্যাচ বা দাগ বেশি পড়ে তাহলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ ওয়ারেন্টি গ্রহনের পূর্বে মনিটরের বডি খোলা হয়েছে এমন কোনো দাগ/স্পট সনাক্ত হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ মনিটরের ভিতরের কোন যন্ত্রাংশ যদি পোকা মাকরের কারনে বিশেষ করে টিকিটিকি দ্বারা যদি সার্কিট পুরে যায় বা বিনষ্ট হয় সেক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ মনিটরের স্ক্রীনে কোন আঘাতের কারনে কোন গোলাকার বা অর্ধচন্দ্রের অনুরূপ কোন ক্ষত সনাক্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ মনিটরের পরিচর্যায় তরল পদার্থ ব্যবহারের দরুন স্ক্রীনের অংশে মরিচা ধরে প্যানেলে দাগ/স্পট সনাক্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ মনিটরের এডাপটার ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ মনিটরের স্ক্রিণে ২ টা ডট পর্যন্ত ওয়ারেন্টির জন্য পযোজ্য হবে না।
- ❖ তরল পদার্থের ব্যবহার জনিত কারনে মনিটরের মেনুবোর্ড ক্ষতিগ্রস্ত হলে ওয়ারেন্টির আওতায় পড়বে না।
- ❖ মনিটরের কোন অংশ ফাটা বা ভাঙ্গা পাওয়া গেলে তা ওয়ারেন্টির যোগ্য হবে না।



OPENED & RIGHT-TOP CORNER BROKEN

যেসব কারনে অপটিক্যাল ড্রাইভের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের দুপাশের লক বা হুক ভাঙ্গা বা খোলার চেষ্টাকালীন স্পট পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের কোন স্ক্রু খোলা হয়েছে এমন কিছু সনাক্ত হয় সেক্ষেত্রেও ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ অপটিক্যাল ড্রাইভে সাটা পোর্ট, পাওয়ার পোর্ট এবং আইডিই পোর্ট ভাঙ্গা বা আইডিই পোর্ট-এ পিন লাগানো থাকলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ ডিভিটি রাইটারের লেবেল বা সিরিয়াল নাম্বার অস্পষ্ট বা ঘষামাজা অথবা টেম্পারিং থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ পর্যবেক্ষন সাপেক্ষে Standard and Branded Disk পড়তে পারলে ওয়ারেন্টির জন্য পযোজ্য হবে না।
- ❖ কোন ডিস্ক যদি রিডেবল হয় আবার কোন ডিস্ক রিডেবল হয় না তাহলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অপটিক্যাল ড্রাইভারের অভ্যন্তরে পোকামাকড় দ্বারা ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অপটিক্যাল ড্রাইভারের অভ্যন্তরে সিডি বা ডিভিডি ভাঙ্গা পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অপটিক্যাল ড্রাইভ ভাঙ্গা, পোড়া বা কোন অংশ দেবে যাওয়া অবস্থায় পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ ডুপ্লিকেটর বা এ-কার্ড ব্যবহারকারীরা অপটিক্যাল ড্রাইভের ওয়ারেন্টি পাবে ৩ মাস।



যেসব কারনে মডেম এবং নেটওয়ার্কিং পণ্যের ওয়ারেন্টি থাকবে না:

- পোকামাকড় সংক্রমনের কারনে মডেম বা নেটওয়ার্কিং পণ্য ক্ষতিগ্রস্ত হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- মডেম বা নেটওয়ার্কিং পন্যের কোন স্ক্রু খোলা হয়েছে কিনা তা যদি সনাক্ত হয় তাহলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- মডেম বা নেটওয়ার্কিং পন্যের লেবেল বা সিরিয়াল নাম্বার এবং সিকিউরিটি স্টিকার অস্পষ্ট বা ঘষামাজা অথবা টেম্পারিং থাকলে অথবা পাওয়া না গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- মডেম বা নেটওয়ার্কিং পণ্য ভাঙ্গা বা পোড়া অবস্থায় পাওয়া গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- মডেম বা নেটওয়ার্কিং পণ্য ওয়ারেন্টি চাওয়ার সময় ক্রেতাকে পণ্যের আনুষঙ্গিক যন্ত্রাংশও প্রদান করতে হবে, অন্যথায় ওয়ারেন্টি দাবি করা যাবে না।
- মডেমের ক্ষেত্রে ইউএসবি পোর্ট নড়াচড়া করলে ওয়ারেন্টির আওতায় আসবে না এবং নেটওয়ার্কিং পন্যের ক্ষেত্রে এডাপটার নষ্ট হয়ে গেল উক্ত এডাপটারের ওয়ারেন্টি প্রদান করা হয় না।

যেসব কারনে ল্যাপটপ বা নোটবুকের ওয়ারেন্টি থাকবে না:

- ল্যাপটপ বা নোটবুকের সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা স্ক্রু খোলা হয়েছে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

- ল্যাপটপ বা নোটবুকের বডি ভাঙ্গা থাকলে বা টেম্পারিং থাকলে এবং ল্যাটপের ডিসপ্লে লক ভাঙ্গা বা ফেটে গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ল্যাপটপ বা নোটবুক ব্যবহারের ৩ মাস পর থেকে ব্যাটারী যদি ১ ঘন্টা ব্যাকআপ দেয় তাহলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ল্যাপটপের এডাপটর, পাওয়ার ক্যাবল, কি বোর্ডের কোন কী উঠে গেলে বা ভেঙ্গে গেলে বা পুড়ে গেলে উক্ত ডিভাইসগুলো ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ল্যাপটপের মনিটরের কোন ওয়ারেন্টির ক্ষেত্রে মনিটরের ওয়ারেন্টি নীতিমালা অনুসৃত হবে।
- একটি ল্যাপটপ বা নোটবুক একের অধিক ওয়ারেন্টিতে আসতে পারে কিন্তু কোনভাবেই নির্দিষ্ট সিরিয়ালের ফুল ইউনিট স্থানান্তরিত হবে না।
- ল্যাপটপ বা নোটবুকের কোন যন্ত্রাংশ মরিচা বা ফাঙ্গাস জনিত কারণে বিনষ্ট হলে ল্যাপটপ বা নোটবুকটি ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ল্যাপটপ বা নোটবুকের মাদারবোর্ড, হার্ডডিস্ক, অপটিখ্যাল ড্রাইভ, র‌্যামের ওয়ারেন্টি উক্ত যন্ত্রাংশরে নীতিমালা অনুয়ায়ী অনুসৃত হবে।
- ল্যাপটপ বা নোটবুকের অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য যন্ত্রাংম পাওয়া গেলে তা ওয়ারেন্টিযোগ্য হবে না।

যেসব কারনে ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস ওয়ারেন্টি থাকবে না:

- ❖ জেনারেটরের মাধ্যমে চালিত ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ব্যাটারী ব্যাকআপ জনিত সমস্যা ওয়ারেন্টি যোগ্য নয়।
- ❖ ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা স্ক্রু খোলা হয়েছে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

- ❖ ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর সম্মুখভাগের প্যানেলে এবং মূল বডিতে কোন আঘাতের দাগ বা টেম্পারিং এর চিহ্ন থাকলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর মাদার বোর্ড বা ট্রান্সফরমার পুড়ে গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ব্যাটারীর আকার পরিবর্তন এবং টেম্পারিং হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস অন্য কোন গৃহস্থালীকার্যে ব্যবহৃত হওয়ার প্রমান পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

- ❖ (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এ উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশ ব্যতীত অন্য কোন যন্ত্রাংশ পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ ইউপিএস (অন লাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস ৬ মাস ব্যবহার করার পর ইউপিএসটি যদি সর্বনিম্ন ৫ মিনিট ব্যাক আপ দিলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না। যদি ৫ মিনিটের কম ব্যাকআপ দেয় তাহলে ওয়ারেন্টির আওতায় পরবে। অন্যদিকে শুধুমাত্র ব্যাটারীর ক্ষেত্রে ৩ মিনিটের কম ব্যাকআপ দিলে তা ওয়ারেন্টির আওতায় আসবে।

যেসব কারনে প্রিন্টারের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ পোকামাকড় বা সরিসৃপ সংক্রমন এর কারনে বা প্রিন্টারের সার্কিট বার্ড ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ প্রিন্টারের সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা লক খোলা হয়েছে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ প্রিন্টারের সম্মুখভাগের পেপার ট্রে এবং বডিতে কোন আঘাতের দাগ বা টেম্পারিং এর চিহ্ন থাকলে বা পাওয়া গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

- ❖ প্রিন্টারের ইউএসবি পোর্ট নড়াচড়া বা ভেঙ্গে গেলে এবং পাওয়ার পোর্ট যদি পুড়ে যায় তাহলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অরিজিনাল টোনার, কাট্রিজ ব্যবহার না করা হলে ওয়ারেন্টি প্রদান করা সম্ভব হবে না।
- ❖ প্রিন্টারের টোনার, টেফলন পেপার, পাওয়ার ক্যাবল, ইউএসবি ক্যাবলের কোন ওয়ারেন্টি হবে না।

যেসব কারনে ইউএসবি ড্রাইভের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ ইউএসবি ড্রাইভের পোর্ট যদি নড়াচড়া করে অথবা ভেঙ্গে যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ ইউএসবি ড্রাইভের অভ্যন্তরে পোকামাকড়ের কারনে সার্কিট ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ ইউএসবি ড্রাইভের অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য যন্ত্রাংম পাওয়া গেলে তা ওয়ারেন্টিযোগ্য হবে না।
- ❖ ইউএসবি ড্রাইভের উপরের ব্র্যাণ্ডের নাম এবং ধারনক্ষতার লেখা যদি মুছে যায় তাহলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



যেসব কারনে ডিভিডি/ সিডি ডুপ্লিকেটর ওয়ারেন্টি থাকবে না:

- ❖ ডিভিডি/ সিডি ডুপ্লিকেটর বা এ কার্ডের মূল বডিতে কোন আঘাত সৃষ্টি হলে বা পুড়ে গেলে অথবা ভেঙ্গে গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ চিপ, ডায়োড, ট্রানজিস্টর পুড়ে গেলে বা টেম্পারিং হয়ে গেলে এবং সার্কিট যদি কোন পোকামাকড় দ্বারা বিনষ্ট হয় তাহলে ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

যেসব কারনে গ্রাফিক্স কার্ডের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ গ্রাফিক্স কার্ডের কোন আইসি, ট্রানজিস্টর বাক্যাপাসিটার ফুলে গেলে বা আকৃতি পরিবর্তন হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ গ্রাফিক্স কার্ডের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং হয়ে যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ সিরিয়াল স্টিকার যদি অস্পষ্ট থাকে বা উঠে যায় এবং স্টিকার টেম্পারিং হয়ে গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ পোকামাকড় বা সরিসৃপ জনিত কারনে গ্রাফিক্সকার্ডটি ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ গ্রাফিক্স কার্ডের কোন যন্ত্রাংশে মরিচা বা ফাঙ্গাস পাওয়া গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।





যেসব কারনে টিভি কার্ড ওয়ারেন্টি থাকবে না:

- ❖ পোকামাকড় বা সরিসৃপ সংক্রমন-এর কারনে টিভি কার্ডটি ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ টিভি কার্ডের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ দেবে যায় বা টেম্পারিং হয়ে যায় তাহলে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ টিভি কার্ডের ভিজিএ পোর্ট/ এন্টেনা পোর্ট নড়াচড়া করলে বা ভেঙ্গে গেলে ওয়ারেন্টির আওতায় আসেব না।
- ❖ সিরিয়াল স্টিকার যদি অস্পষ্ট থাকে বা উঠে যায় এবং স্টিকার টেম্পারিং হয়ে গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ টিভি কার্ডের এডাপটার ও রিমোটের কোন ওয়ারেন্টি হয় না।

যেসব কারনে প্রজেক্টরের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ প্রজেক্টরের Lamp Broken থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- ❖ ওয়ারেন্টি গ্রহণের পূর্বে প্রজেক্টরের বডি খোলা হয়েছে এমন কোন দাগ বা স্পট সনাক্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ প্রজেক্টরের ভিতরের কোন যন্ত্রাংশ পোকামাকড়ের কারনে কোন ক্ষত সনাক্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ প্রজেক্টরের এডাপটার এবং কেবল ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ তরল পদার্থের ব্যবহার জনিত কারনে প্রজেক্টরের সার্কিটবোর্ড ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ প্রজেক্টরের কোন অংশ ফাটা বা ভাঙ্গা পাওয়া গেলে তা ওয়ারেন্টির যোগ্য হবে না।

যেসব কারনে মাল্টিফাংশনাল প্রিন্টারের ওয়ারেন্টি থাকবে না:

- ❖ পোকামাকড় বা সরিসৃপ সংক্রমন-এর কারনে মাল্টিফাংশনাল প্রিন্টারের ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ❖ মাল্টিফাংশনাল প্রিন্টারের সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা লক খোলা হয়েছে এমন কিছু পাওয়া গলে তা ওয়ারেন্টির আওতায় আসবেনা।
- ❖ মাল্টিফাংশনার প্রিন্টারে পেপার ট্রে এবং বডিতে কোন আঘাতের দাগ বা টেম্পারিং এর চিহ্ন থাকলে বা পাওয়া গেলে এবং অপব্যবহার জনিত কারনে যন্ত্রাংশ বামাল্টিফাংশনাল প্রিন্টার ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির জন্য পযোজ্য হবে না।
- ❖ প্রিন্টারের ইউএসবি পোর্ট নড়াচড়া বা ভেঙ্গে গেলে এবং পাওয়ার পোর্ট যদি পুড়ে যায় তাহলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ❖ অরিজিনাল টোনার, কাট্রিজ ব্যবহার না করা হলে ওয়ারেন্টি প্রদান করা সম্ভব হবে না।
- ❖ মাল্টিফাংশনাল প্রিন্টারের টোনার, টেফলন পেপার, পাওয়ার ক্যাবল, এডাপটর, ইউএসবি ক্যাবলের কোন ওয়ারেন্টি হবে না।

বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

যেসব কারনে ক্লোন পিসির ওয়ারেন্টি থাকবে না:

- পোকামাকড় সংক্রমণের কারণে ক্লোন পিসির যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হলে ওয়ারেন্টি প্রয়োজ্য হবে না।
- ক্লোন পিসির সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা স্ক্রু খোলা হয়েছে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ক্লোন পিসির কেসিং ভাঙ্গা থাকলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ক্লোন পিসির সাপ্লাই ইউনিটের ওয়ারেন্টি দেয়া হয় না।
- ক্লোন পিসির পাওয়ার ক্যাবল, কি বোর্ডের কোন কী উঠে গেলে বা ভেঙ্গে গেলে উক্ত ডিভাইসগুলো ওয়ারেন্টির আওতায় আসবে না।
- ক্লোন পিসির মনিটরের কোন ওয়ারেন্টির ক্ষেত্রে মনিটরের ওয়ারেন্টি নীতিমালা অনুসৃত হবে।
- একটি ক্লোন পিসি একের অধিক ওয়ারেন্টিতে আসতে পারে কিন্তু কোনভাবেই নির্দিষ্ট সিরিয়ালের ফুল ইউনিট স্থানান্তরিত হবে না।
- ক্লোন পিসির কোন যন্ত্রাংশ মরিচা বা ফাঙ্গাস জনিত কারনে বিনষ্ট হলে ক্লোন পিসিটি ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।
- ক্লোন পিসির মাদারবোর্ড, হার্ডডিস্ক, অপটিক্যাল ড্রাইভ, র‍্যাম ও অন্যান্য যন্ত্রাংশসমূহের ওয়ারেন্টি, উক্ত পণ্যের ওয়ারেন্টি নীতিমালা অনুযায়ী অনুসৃত হবে।
- ক্লোন পিসির অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য যন্ত্রাংশ পাওয়া গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।